ডাচদের উড়িয়ে দিয়ে সুপার এইটের পথে বাংলাদেশ

টার্গেট ১৬০ রানের। এক সময় মনে হচ্ছিল এই টার্গেট অনায়াসেই করে ফেলবে নেদারল্যান্ডস। ঠিক সেই সময় এক ওভারে জোড়া উইকেট তুলে বাংলাদেশকে ম্যাচে ফেরান লেগ স্পিনার রিশাদ হোসেন। এরপর টাইগার বোলারদের নিয়ন্ত্রিত বোলিংয়ে ২৫ রানে জয় পায় বাংলাদেশ।

এই জয়ে সুপার এইটের স্বপ্ন বেশ ভালোভাবে জিইয়ে রাখলো নাজমুল হোসেন শান্তর দল। ৩ ম্যাচ থেকে ৪ পয়েন্ট নিয়ে সুপার এইটে এক পা দিয়ে রাখলো বাংলাদেশ। নিজেদের শেষ ম্যাচে নেপালকে হারালেই সেরা আট নিশ্চিত করবে লাল-সবুজের প্রতিনিধিরা।

বৃহস্পতিবার (১৩ জুন) ওয়েস্ট ইন্ডিজের আর্নোস ভ্যালে গ্রাউন্ডে টস জিতে বাংলাদেশকে ব্যাটিংয়ে পাঠান ডাচ অধিনায়ক স্কট এডওয়ার্ড। ব্যাট করতে নেমে শুরুতেই চাপে পরে বাংলাদেশ।

তবে সাকিব আল হাসানের ফিফটি ও তানজিদ হাসান তামিমের ব্যাটে ভর করে লড়াকু পুঁজি পায় বাংলাদেশ। নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ১৫৯ রান সংগ্রহ করে টাইগাররা। সাকিব আল হাসান ৪৬ বলে ৬৪ রানে অপরাজিত থাকেন। এছাড়া তানজিদ তামিম ২৬ বলে ৩৫ ও মাহমুদউল্লাহ রিয়াদ করেন ২১ বলে ২৫ রান।

১৬০ রানের টার্গেটে ব্যাট করতে নেমে সাবধানী শুরু করে নেদারল্যান্ড। দেখেশুনে খেলতে থাকেন দুই ডাচ ওপেনার মাইকেল লেভিট, ম্যাক্স ও’দাউদ। উদ্বোধনী জুটিতে ২২ রান যোগ করেন তারা।

এরপর ইনিংসের পঞ্চম ওভারে বাংলাদেশকে ব্রেক থ্রু এনে দেন তাসকিন। ১৬ বলে ১৮ রান করা লেভিটকে আউট করেন এই টাইগার পেসার।

এরপর দলীয় ৩২ রানে ডাচ শিবিরে আঘাত হানেন আরেক পেসার তানজিম হাসান সাকিব। ১৬ বলে ১২ রান করা ম্যাক্স ও’দাউদকে আউট করেন সাকিব। এরপর সিব্রান্ড এঙ্গেলব্রেখটকে সঙ্গে নিয়ে রানের চাকা সচল রাখেন বিক্রমজিত সিং।

তবে দলীয় ৬৯ রানে ১৬ বলে ২৬ রান করে ফিরে যান বিক্রমজিত। তার বিদায়ের পর অধিনায়ক স্কট এডওয়ার্ডসকে সঙ্গে নিয়ে রানরেটের সঙ্গে

পাল্লা দিয়ে রান তুলতে থাকেন এঙ্গেলব্রেখট।

দলীয় ১১১ রানে এঙ্গেলব্রেখটকে আউট করে বাংলাদেশকে স্বস্তি দেন দেন রিশাদ হোসেন। ২২ বলে ৩৩ রান করে আউট হন এঙ্গেলব্রেখট। একই ওভারে বাস ডি লিডকে আউট করে বাংলাদেশকে ম্যাচে ফেরান এই লেগ স্পিনার।

এরপর দ্রুতই আরও দুই উইকেট তুলে নিয়ে হারিয়ে ডাচদের ম্যাচ থেকে ছিটকে দেন রিশাদ ও মোস্তাফিজুর রহমান। শেষ পর্যন্ত নির্ধারিত ২০ ওভারে ৮ উইকেট হারিয়ে ১৩৪ রান করতে সক্ষম হয় ডাচরা। বাংলাদেশের পক্ষে রিশাদ নেন ৩টি উইকেট।

সূত্র: ইত্তেফাক

বিচ্ছেদের পথে যাচ্ছে হার্দিক-নাতাশা

সার্বিয়ান মডেল নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে হার্দিক পান্ডিয়ার বিবাহবিচ্ছেদের গুঞ্জন থামছেই না। যেহেতু এই ব্যাপারে দু’জনের কেউই সরাসরি গণমাধ্যমে কিছু বলেননি বা সামাজিক যোগাযোগমাধ্যমেও কিছু জানাননি, তাই বিষয়টি নিয়ে জল্পনা-কল্পনা বেড়েই চলেছে।

বিয়ের পর থেকে ইনস্টাগ্রামে নিজের নামের পাশে ‘পান্ডিয়া’ পদবি ব্যবহার করছিলেন নাতাশা। সম্প্রতি নাতাশা সে পদবি সরিয়ে নিলেই শুরু হয় তাদের বিচ্ছেদ নিয়ে গুঞ্জন।

সামাজিক মাধ্যমে এতদিন হার্দিক, নাতাশা ও এই দম্পতির পুত্র অগস্ত্যকে বহুবার এক ফ্রেমে দেখা গেছে। স্ত্রী ও সন্তানকে নিয়ে কাটানো মুহূর্তগুলো দেখিয়ে ধরা দিতেন হার্দিক। নাতাশাও একইভাবে পরিবারের ছবি শেয়ার করতেন। কিন্তু ইদানিং শুধু ছেলে অগস্ত্যকে নিয়ে সামাজিক মাধ্যমে ছবি শেয়ার করেছেন তিনি। বিবাহবিচ্ছেদের গুঞ্জনের পালে হাওয়া দেওয়ার জন্য যা যথেষ্ট।

যদিও নেটিজেনদের মধ্যে কেউ কেউ আবার মনে করছেন, আইপিএলে

হার্দিকের বাজে পারফরম্যান্স নিয়ে আলোচনা ঢাকতেই বিচ্ছেদের সাজানো নাটক করছে এই দম্পতি।

হার্দিক-নাতাশা দম্পতি কি সত্যিই বিচ্ছেদের দিকে এগিয়ে যাচ্ছেন নাকি সবই নেটিজেনদের জল্পনা, তা অবশ্য এখনই জানার কোনো উপায় নেই। কারণ টি-টোয়েন্টি বিশ্বকাপে খেলতে এখন যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন হার্দিক।

প্রসঙ্গত, ২০২০ সালে কিছুটা তাড়াহুড়ো করেই সার্বিয়ান মডেল-অভিনেত্রী নাতাশাকে বিয়ে করেন হার্দিক। সে বছরের জুলাইতে তাদের ঘর আলো করে আসে পুত্র সন্তান অগস্ত্য। পরে ২০২৩ সালে রাজস্থানের উদয়পুরে ঘটা করে হয় তাদের বিয়ের অনুষ্ঠান।

সূত্র: যুগান্তর

বিতর্কিত গোলে হারলো ভারত

বিশ্বকাপ বাছাইয়ে রাউন্ড-২ এর ম্যাচে কাতারের বিপক্ষে মাঠে নামে ভারত। পরের রাউন্ডে যেতে এই ম্যাচ জয় প্রয়োজন ছিল ভারতের। তবে বিতর্কিত এক গোলে ২-১ গোলের হার নিয়ে মাঠ ছাড়ে ভারত। সেইসঙ্গে বিশ্বকাপ স্বপ্ন শেষ ইগর স্টিমাচের শিষ্যদের।

ম্যাচের শুরু থেকে ভারতের ওপর আধিপত্য বিস্তার করে খেলতে থাকে কাতার। তবে ধীরে ধীরে নিজেদের গুছিয়ে নেয় ভারত। ম্যাচের ৩৬ মিনিটে গোলের দেখা পায় ভারত। লালিয়ানজুয়ালা ছাংতের করা গোলে লিড নেয় ভারত। ১-০ গোলে এগিয়ে থেকে বিরতিতে যায় ভারত।

বিরতি থেকে ফিরে গোল শোধে মরিয়া হয়ে খেলতে থাকে কাতার। তবে আক্রমণে আটকে যায় ভারতীয় ডিফেন্সে। ম্যাচের ৭৪ মিনিটে গোল শোধ করে কাতার। এই গোল নিয়েই দেখা দেয় বিতর্ক।

বল গোল পোস্টের পাশ দিয়ে বাইরে চলে যায়। তবে কাতারের আল হাসান সেই বল মাঠে ঢুকিয়ে দিলে সেখান থেকে গোল করেন ইউসুফ আয়মান। এরপর ভারতের ফুটবলাররা রেফারির কাছে অভিযোগ করেন। তবে তা নাকচ করে দেন রেফারি।

এরপর ম্যাচের ৮৬ মিনিটে আহমেদ আল রাউইয়ি গোল করে লিড এনে দেন কাতারকে। শেষ পর্যন্ত আর কোনো গোল না হলে ২-১ গোলের হার নিয়ে মাঠ ছাড়ে ইগোর স্টিমাচের শিষ্যরা।

সূত্র: ইত্তেফাক

লেবাননের বিপক্ষে বিশ্বকাপের মাঠে নামছে বাংলাদেশ

বিশ্বকাপের বাছাইয়ে খেলার সুযোগ শেষ হয়ে গেছে আগেই। এখন এশিয়ান কাপের বাছাইয়ে লড়াই করছে বাংলাদেশ। রাউন্ড-২ এর খেলা আজ শেষ হবে। বাংলাদেশের ম্যাচ আজ লেবাননের বিপক্ষে রাত ১০টায়, খেলা হবে কাতারের দোহায় বিশ্বকাপ ২০২২ ফুটবল অনুষ্ঠিত খলিফা আন্তর্জাতিক স্টেডিয়ামে।

এই ম্যাচের পর তৃতীয় রাউন্ডের খেলার ভাগ্য নির্ধারণ হবে। এগিয়ে রয়েছে লেবানন। তাদের বিপক্ষে একটা ১টা ড্র রয়েছে। আর ঘরের মাঠে ফিলিস্তিনের বিপক্ষে খেলা শেষ হওয়ার অন্তিম মুহূর্তে গোল হজম করে ম্যাচটা হেরে গিয়েছিল ১-০ গোলে। ড্র হওয়ার সুযোগ থেকে বঞ্চিত হয়েছিল কোচ হ্যাভিয়ের কাবরেরার একটা ভুল সিদ্ধান্তের কারণে।

গোলরক্ষক মিতুল আহত হয়ে মাঠ ছাড়লে সেখানে অনভিজ্ঞ মেহেদী হাসান শ্রাবণকে নামান কোচ। শ্রাবণ কিছু বুঝে ম্যাচের স্নায়ুর চাপ নিতে পারেননি। অথচ বেঞ্চে বসেছিলেন সাফের সেরা গোলরক্ষক আনিসুর রহমান জিকো। গ্রুপ পর্বে আজ চার দলেরই শেষ ম্যাচ। কাতারে বাংলাদেশের শক্তিশালী প্রতিপক্ষ লেবানন। তাদের হাতে রয়েছে ৩ পয়েন্ট। বাংলাদেশ যদি জিততে পারে অনেক দূর এগিয়ে যাবে। তবে জয়ের সেই সম্ভাবনা খুব কম। যদি লেবাননের বিপক্ষে আগের ম্যাচটা দেখা হয় তাহলে ম্যাচের প্রথমার্ধ পর্যন্ত লেবাননকে থামিয়ে রেখেছিল বাংলাদেশ।

৬৭ মিনিটে গোল হজম করে বাংলাদেশ। ৯ মিনিটের মধ্যে গোল শোধ

কিভাবে দক্ষিণ আফ্রিকাকে হারানো যাবে জানালেন তামিম

টি-টোয়েন্টি বিশ্বকাপে নিজেদের দ্বিতীয় ম্যাচে শক্তিশালী দক্ষিণ আফ্রিকার বিপক্ষে মাঠে নামছে বাংলাদেশ। সোমবার (১০ জুন) নিউ ইয়র্কের নাসাউ কাউন্টি ক্রিকেট স্টেডিয়াম প্রোটয়াদের মোকাবিলা করবে টাইগাররা। এই ভেন্যু বোলারদের স্বর্গ। তাই নতুন বলে বাংলাদেশের বোলাররা ভালো করলেই দক্ষিণ আফ্রিকাকে হারানো সম্ভব বলে মনে করেন বাংলাদেশের সাবেক ওয়ানডে অধিনায়ক তামিম ইকবাল।

ক্রিকেটভিত্তিক ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফোর পূর্ববর্তী আলোচনায় অংশ নিয়ে তামিম বলেন, ‘অবশ্যই, আমার মনে হয় নতুন বলে বোলিংটা গুরুত্বপূর্ণ হবে। বিশেষ করে তাসকিনের ৪ ওভার এবং মোস্তাফিজ খুবই গুরুত্বপূর্ণ। তারা (দক্ষিণ আফ্রিকার ব্যাটার) হয়তো রান করেনি কিন্তু আপনাকে মনে রাখতে হবে তারা খুবই বিপদজনক ব্যাটার।’

সাবেক এই টাইগার অধিনায়ক আরও বলেন, ‘আপনি তাদেরকে সুযোগ দিতে পারবেন না কারণ ডি কক যদি একটু সুযোগ পায় তাহলে সে আপনাকে ভোগাবে। তাসকিন ভালো বোলিং করছে। সব মিলিয়ে নতুন বলে বাংলাদেশ ভালো বোলিং করছে। অবশ্যই উইকেট থেকে বাড়তি সুবিধা পাবে। আমরা যে খেলাগুলো দেখেছি তাতে অসম বাউন্স আছে। বাংলাদেশ যদি জিততে চায় তাহলে নতুন বল খুবই গুরুত্বপূর্ণ হবে।’

সূত্র: ইত্তেফাক

পাকিস্তান-ভারত মহারণ আজ

টি-টোয়েন্টি বিশ্বকাপের উন্মাদনায় মেতেছে ক্রিকেট বিশ্ব। ইতিমধ্যে বেশ কয়েকটি রোমাঞ্চকর ম্যাচও দেখে ফেলেছে ক্রিকেটপ্রেমীরা। তবে আসরের সব থেকে আকাঙ্ক্ষিত ম্যাচটি মাঠে গড়াবে আজ। যেটি দেখার জন্য টুর্নামেন্টের সূচি প্রকাশের পর থেকেই

অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করে আছে সমর্থকরা। বাংলাদেশ সময় রাত সাড়ে ৮টায় নিউ ইয়র্কের আলোচিত-সমালোচিত নাসাউ কাউন্টি আন্তর্জাতিক স্টেডিয়ামে মুখোমুখি হবে দুই চিরপ্রতিদ্বন্দ্বী ভারত-পাকিস্তান। ভারত-পাকিস্তানের মাঠের লড়াই উপভোগ করে গোটা ক্রিকেট বিশ্ব।

তবে দুই দেশের রাজনৈতিক উত্তেজনা ছাড়া বৈশ্বিক কোনো টুর্নামেন্ট ছাড়া একে অপরের বিপক্ষে মাঠে লড়তে দেখা যায় না। তাইতো গোটা ক্রিকেট ভক্তরা মুখিয়ে থাকে এই দুই দলের লড়াই দেখতে। এবারের আসরে এখন পর্যন্ত একটি করে ম্যাচ খেলেছে ভারত ও পাকিস্তান। ২০০৭ সালের বিশ্বচ্যাম্পিয়নরা নিজেদের প্রথম ম্যাচে আয়ারল্যান্ডের বিপক্ষে জয় পেলেও প্রথম ম্যাচেই হোঁচট খায় ২০০৯ সালের বিশ্বচ্যাম্পিয়নরা। কেননা, স্বাগতিক যুক্তরাষ্ট্রের কাছে হেরে বিশ্বকাপ মিশন শুরু করে বাবর আজমের দল। তাই টুর্নামেন্টে শেষ আটে খেলার দৌড়ে টিকে থাকতে হলে চিরপ্রতিদ্বন্দ্বী ভারতের বিপক্ষে ম্যাচে জয়ের বিকল্প নাই পাকিস্তানে সামনে। ভারতের বিপক্ষে এই ম্যাচ হারলে এবারের আসর থেকে প্রায় বিদায় নিশ্চিত হয়ে যাবে পাকিস্তানের।

সবশেষ ২০২২ সালে অনুষ্ঠিত হওয়া টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তানকে ৪ উইকেট হারায় রোহিত শর্মার দল। এছাড়াও টি-টোয়েন্টি বিশ্বকাপে এখন পর্যন্ত সবমিলিয়ে মোট সাত বার মুখোমুখি হয় এই দুই চিরপ্রতিদ্বন্দ্বী। সেসব দেখায় জয়ের পাল্লা ভারী ভারতের। রোহিত-কোহলিদের পাঁচ জয়ের বিপরীতে বারব-রিজওয়ানদের জয় কেবল একটি ম্যাচে। এছাড়াও বাকি একটি ম্যাচ ড্র হয়। শুধু টি-টোয়েন্টি বিশ্বকাপ মঞ্চে নয়, ক্রিকেটের এই সংক্ষিপ্ত ফরম্যাটে সব মিলিয়ে মোট ১২ বার মুখোমুখি হয় এই দুই দল। সেখানে পরিসংখ্যান কথা বলে ভারতের পক্ষে। প্রথম আসরের চ্যাম্পিয়নদের ৯ জয়ের বিপরীতে পাকিস্তানে জয় তিনটি ম্যাচ।

‘সিট নম্বর থার্টি’

ভারত-পাকিস্তান ম্যাচের একটি বিশেষ আসনের এই অবিশ্বাস্য মূল্য উঠেছে। যার নাম রাখা হয়েছে ‘সিট নম্বর থার্টি’। ২৫২ সেকশনের ২০ নম্বর সারির এই টিকিটটির দাম ১ লাখ ৭৫ হাজার ৪০০ মার্কিন ডলার। ১ কোটি ৪৬ লাখ টাকা। একটি প্রতিবেদনে বলা হয়েছে, রিসেলের ওয়েবসাইটে দেড় কোটি টাকা দাম উঠেছে এক টিকিটের। এই ওয়েবসাইটে যে কোনো জিনিসকেই ফের বিক্রি করা যায়।

তবে তার মূল্য নির্ধারণ করেন বিক্রেতা। যুক্তরাষ্ট্রের ক্ষেত্রে আইনসম্মতভাবে এই পদ্ধতিকে ‘কালোবাজারি’ বলা যায় না। বাউন্ডারি ক্লাব সেকশনের টিকিট মূল্য ১৫০০ মার্কিন ডলার। সেখানে ডায়মন্ড ক্লাবের টিকিটের দাম আইসিসি বেঁধে দিয়েছে ১০ হাজার মার্কিন ডলার। যারা সেই টিকিট আবেদনের মাধ্যমে পেয়েছেন, তাঁদের মধ্যে অনেকেই চড়া দামে রিসেল করছেন। আর সেখানেই ‘সিট নম্বর থার্টি’র দাম ওঠে দেড় কোটি টাকা।

সূত্র: ইত্তেফাক

অলিম্পিকে খেলতে ক্লাবের সঙ্গে লড়াইয়ে প্রস্তুত মার্টিনেজ

আর্জেন্টিনার অলিম্পিক দলে মেসি-দি মারিয়াদের খেলা নিয়ে গুঞ্জন ছিল। তবে আর্জেন্টিনার এই দুই ফুটবলারকে আসন্ন ২০২৪ প্যারিস অলিম্পিকে দেখা যাবে না। তবে অলিম্পিকে খেলার জন্য মুখিয়ে আছেন আর্জেন্টিনা জাতীয় দলের গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ। সেজন্য নিজের ক্লাব অ্যাস্টন ভিলার সঙ্গে ‘লড়তেও’ প্রস্তুত তিনি।

বিশ্বকাপ ও কোপা আমেরিকার সঙ্গে মেসি-দি মারিয়াদের ট্রফি ক্যাবিনেটে শোভা পাচ্ছে অলিম্পিক স্বর্ণপদকও। ২০০৮ বেইজিং অলিম্পিকেই আর্জেন্টিনাকে স্বর্ণ এনে দিয়েছিলেন তারা। কিন্তু বিশ্বকাপ-কোপার শিরোপা জিতলেও অলিম্পিক স্বর্ণ অধরা মার্টিনেজের। তাই অলিম্পিকে খেলতে তার আগ্রহ একটু বেশি।

সাধারণত অলিম্পিকে অনূর্ধ্ব-২৩ দলের ফুটবলাররাই খেলে থাকেন। তাদের সঙ্গে বয়সসীমার বাইরে থেকে সর্বোচ্চ ৩ জন খেলোয়াড়কে অন্তর্ভুক্ত করা যায়। সেই তিন জায়গার দুটি এরই মধ্যে দখলে নিয়েছেন অভিজ্ঞ ডিফেন্ডার নিকোলাস ওতামেন্দি এবং হুলিয়ান আলভারেজ।

এই দুই ফুটবলার নিজেদের ক্লাবের কাছ থেকে অলিম্পিকে খেলার জন্য অনুমতিও পেয়েছেন। কিন্তু মার্টিনেজ ক্লাবের কাছে অনুমতি চাইলেও

এখনো উত্তর পাননি। গত ৫ জুন আর্জেন্টাইন সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টসের সঙ্গে আলাপে মার্টিনেজ বলে দিয়েছেন, ‘আমি সবসময় আর্জেন্টিনাকে প্রথমে রাখি, এবং এর জন্য যদি আমাকে আমার ক্লাবের সঙ্গে লড়াই করতে হয় তবে আমি তা করব। আমার স্বপ্ন (অলিম্পিকে) স্বর্ণপদক জেতা।’

বলে রাখা ভালো, যেহেতু অলিম্পিক ফিফা অনুমোদিত কোনো টুর্নামেন্ট নয়, তাই ক্লাবগুলো অলিম্পিকের জন্য নিজেদের খেলোয়াড়দের ছাড়তে বাধ্য নয়।

আগামী ২৬ জুলাই পর্দা উঠবে প্যারিস অলিম্পিকের। তবে এর দু’দিন আগে ২৪ জুলাই মাঠে গড়াবে ফুটবল ইভেন্ট।

সূত্র: যুগান্তর

অস্ট্রেলিয়ার সঙ্গে ২-০ গোলে হারলো বাংলাদেশ

অ্যাওয়ে ম্যাচে মেলবোর্নে অস্ট্রেলিয়ার কাছে ৭-০ গোলে হেরেছিল বাংলাদেশ। হোম ম্যাচে ভালো কিছুর আশা নিয়ে মাঠে নেমেছিল লাল-সবুজের প্রতিনিধিরা। বেশ লড়াই করেছেন তপু বর্মন-তারিক কাজিরা। তবে ঘরের মাঠেও হারতে হয়েছে। বিশ্বকাপ ও এশিয়ান কাপ বাছাইপর্বের দ্বিতীয় পর্বের হোম ম্যাচে অস্ট্রেলিয়ার কাছে ২-০ গোলে হেরেছে বাংলাদেশ।

বৃহস্পতিবার (৬ জুন) বসুন্ধরা কিংস অ্যারেনায় ম্যাচের শুরু থেকে আক্রমণাত্মক ফুটবল খেলতে থাকে অস্ট্রেলিয়া। বাংলাদেশের রক্ষণে মুহুর্মুহু আক্রমণ করতে থাকে সফরকারীরা। তবে শক্ত রক্ষণে অস্ট্রেলিয়াকে আটকে রাখে তপু-তারিকরা।

তবে ম্যাচের ২৯ মিনিটে লিড পায় অস্ট্রেলিয়া। দুর্ভাগ্যজনক এক গোল হজম করে বসে বাংলাদেশ। প্রায় ৩০ গজ দূর থেকে অস্ট্রেলিয়ার অ্যাটাকিং মিডফিল্ডার আজদিন হুরস্টিকের নেওয়া শট বাংলাদেশের

ডিফেন্ডার মেহেদী মিঠুর পায়ে দিক পরিবর্তন হয়ে জালে জড়ায়।

আত্মঘাতী গোলে পিছিয়ে পড়ে বাংলাদেশ। এগিয়ে গিয়ে আরও আক্রমণাত্মক হয়ে খেলতে থাকে অস্ট্রেলিয়া। তবে আর কোনো গোল না হলে ১-০ গোলে পিছিয়ে থেকে বিরতিতে যায় বাংলাদেশ।

বিরতি থেকে ফিরে আবারও অস্ট্রেলিয়ার আক্রমণ রুখতে ব্যস্ত থাকে বাংলাদেশের ডিফেন্স। ম্যাচের ৬২ মিনিটে আবারও গোলের দেখা পায় অস্ট্রেলিয়া। বাম দিক বাড়ানো বলে হেড করে বল জালে জড়ান ইয়াংগি। তার গোলে ব্যবধান দ্বিগুণ করে অস্ট্রেলিয়া।

মাঝে হঠাৎ কিছু কাউন্টার অ্যাটাকে যায় বাংলাদেশ। তবে তা আটকে যায় অ্যাটাকিং থার্ডে। শেষ পর্যন্ত আর কোনো গোল না হলে ২-০ গোলের হার নিয়ে মাঠ ছাড়ে বাংলাদেশ।

সূত্র: ইত্তেফাক

গাংনীর কাথুলী ইউনিয়নে ফাইনাল খেলা অনুষ্ঠিত

গাংনীর কাথুলী ইউনিয়নের গাড়াবাড়ীয়াতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা গোল্ড কাপ ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (৬ জুন) সকাল ৯ থেকে গাড়াবাড়ীয়া কুতুবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

এসময় উপস্থিত ছিলেন মাইলমারী সরকারী প্রথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক দানেছুর রহমান,সহকারী শিক্ষক হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক শফিউদ্দিন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক রেজাউর রহমান, আক্তারুজ্জামান লাভলু,জয়নাল আবেদীন,সহ আরো অনেকে।

ফাইনাল খেলায় বালক ও বালিকা উভয় প্রথম স্থান করেছেন মাইলমারী সরকারী প্রথমিক বিদ্যালয়। বালিকা রানার আপ কাথুলী সরকারী প্রথমিক বিদ্যালয়, রানার আপ বালক কুতুবপুর সরকারী প্রথমিক বিদ্যালয়।

না খেলে আবার শীর্ষস্থানে ফিরলেন সাকিব

না খেলেই টি-টোয়েন্টি অলরাউন্ডারদের র্যাংকিংয়ে শীর্ষস্থানে ফিরছেন সাকিব আল হাসান। গত সপ্তাহে শ্রীলংকান অধিনায়ক ওয়ানিন্দু হাসারাঙ্গাকার কাছে টি-টোয়েন্টি অলরাউন্ডারের তালিকায় শীর্ষস্থান হারিয়ে ছিলেন সাকিব।

এক সপ্তাহ না যেতেই নিজের হারানো অবস্থান ফিরে পেলেন বাংলাদেশ দলের সাবেক এই অধিনায়ক। এতে সাকিব আল হাসানের কোনো কৃতিত্ব নেই। তার কারণ তিনি কোনো খেলায় ছিলেন না। খেলা ছিল শ্রীলংকার।

টি-টোয়েন্টি বিশ্বকাপের চলতি আসরে নিজেদের প্রথম ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিপক্ষে হেরে যায় শ্রীলংকা। সেই ম্যাচে প্রত্যাশিত পারফরম্যান্স করতে পারেননি হাসারাঙ্গা যে কারণে তার রেটিং পয়েন্ট কমে যায়। তার রেটিং পয়েন্ট কমে যাওয়ায় লাভ হয়েছে সাকিবের। তিনি না খেলেই এক সপ্তাহ আগে হারানো শীর্ষস্থান ফিরে পেলেন।

বিশ্বকাপের প্রথম ৭ ম্যাচের পারফরম্যান্সের ওপর ভিত্তি করে আজ বুধবার সাপ্তাহিক হালনাগাদ প্রকাশ করেছে আইসিসি।

দক্ষিণ আফ্রিকার বিপক্ষে ৬ উইকেটে হেরে যাওয়া ম্যাচে ব্যাটিংয়ে কোনো রানই করতে পারেননি হাসারাঙ্গা। ৭৭ রানে অলআউট হয়ে টি-টোয়েন্টি নিজেদের সর্বনিম্ন রানের বিব্রতকর রেকর্ড গড়ে লংকানরা। পরে বল হাতে ২২ রান দিয়ে ২ উইকেট নেন হাসারাঙ্গা।

রেটিং পয়েন্ট হারানোয় অলরাউন্ডারদের মধ্যে দুইয়ে নেমে গেছেন হাসারাঙ্গা। বর্তমানে তার রেটিং পয়েন্ট ২২২। শীর্ষস্থান ফিরে পাওয়া সাকিবের রেটিং পয়েন্ট ২২৩।

□□□□□: □□□□□□□□□